# হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ গুনাহ্’র অপকার

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

গুনাহ্গারের অন্তরে গুনাহ্’র জংয়ের এক আস্তর পড়ে যায়

৪৫. গুনাহ্ করতে করতে গুনাহ্গারের অন্তরে গুনাহ্’র জংয়ের এক আস্তর পড়ে যায়। তখন বিপদের সময়ও তার অন্তর তা কাটিয়ে উঠতে তার সহযোগিতা করে না। আল্লাহ্ তা‘আলার নিকট ফরিয়াদ করতে চায় না। যিকিরে ব্যস্ত হয় না এবং একমাত্র তাঁরই উপর ভরসা করতে রাজি হয় না। বরং কখনো কখনো এমন হয় যে, তার ইন্তিকালের সময় তার যবানও তাকে ঈমান নিয়ে মরতে সহযোগিতা করে না।

জনৈক ব্যক্তিকে মৃত্যুর সময় বলা হলো: ‘‘লা’ ইলা’হা ইল্লাল্লাহু’’ পড়ো। তখন সে গান গাইতে শুরু করলো এবং এমতাবস্থায় সে মৃত্যু বরণ করলো। আরেক জন উত্তর দিলো: কালিমা এখন আর আমার কোন ফায়েদায় আসবে না। কারণ, দুনিয়াতে এমন কোন গুনাহ্ নেই যা আমি করতে ছাড়িনি এবং এমতাবস্থায়ই সে মারা গেলো। আরেক জন বললো: আমি এ কালিমায় বিশ্বাস করি না। অথচ ইতিপূর্বে সবাই তাকে মুসলিম হিসেবেই চিনতো। আরেক জন বললো: আমি তো কালিমা উচ্চারণ করতেই পারছিনে। আরেক জন বললো: আল্লাহ্’র জন্য আমাকে একটি টাকা দাও। আল্লাহ্’র জন্য আমাকে একটি টাকা দাও। আরেক জন বললো: এ কাপড়টি এতো। আর ও কাপড়টি অতো। আরো কত্তো কী?

Source — https://www.hadithbd.com/books/link/?id=6618

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন